কালের কণ্ঠ

তারিখ 16 JAN 2018
পৃষ্ঠা ২ কলাম ৩

# এইচএসসি পরীক্ষা ২ এপ্রিল শুরু

নিজস্ব প্রতিবেদক ▷

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ এপ্রিল শুরু হবে। চলবে ৪ মে পর্যন্ত। প্রতি বছর ১ এপ্রিল থেকে পরীক্ষা শুরু হলেও এ বছর ওই দিন ইস্টার সানডের সরকারি ছুটি হওয়ায় এক দিন পরে পরীক্ষা শুরু হচ্ছে। আন্তশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটি এ রুটিন তৈরি করে শিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছে। মন্ত্রণালয় অনুমোদন করার পরই তা চূড়ান্ত হবে।

জানা যায়, চলতি বছরের ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষা থেকেই সারা দেশে অভিন্ন প্রশ্নে পরীক্ষা শুরু হবে। এইচএসসি পরীক্ষাও হবে অভিন্ন প্রশ্নপত্রে। আগে বোর্ডভিত্তিক আলাদা আলাদা প্রশ্নে পরীক্ষা হতো।

এবারের এইচএসসি ও সমমান পরীক্ষায় প্রায় ১২ লাখ পরীক্ষার্থী অংশগ্রহণ করার কথা রয়েছে। ২ এপ্রিল প্রথম দিন এইচএসসির বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রশ্ন ফাঁসসহ নানা অভিযোগে এবার রাজধানীতে ছয়টি কেন্দ্র কমানো হয়েছে বলে ঢাকা শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে।